



কমিশনার (অনুসন্ধান)
দুর্নীতি দমন কমিশন
১ সেশুন বাগিচা, ঢাকা-১০০০
ফোন : ৮৮০ ২ ৮৩৩৩৩৫১
ফ্যাক্স : ৮৮০ ২ ৯৩৩৭০৩১
E-mail : ahmed.nasiruddin@gmail.com

তারিখঃ ২৯ আগস্ট, ২০১৭

ডি.ও নং-দুদক/কমিঃ(অনুঃ)/২০১৭/৪১

প্রিয় মহোদয়,

সরকারি সেবা দানের ক্ষেত্রে স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরণে ও জনসাধারণের অংশগ্রহণের মাধ্যমে দুর্নীতি বিরোধী সমাজ প্রতিষ্ঠার লক্ষ্যে দুর্নীতি দমন কমিশন দুর্নীতি প্রতিরোধে দেশব্যাপী গণশুনানির আয়োজন করে থাকে। এ পর্যন্ত মোট ৬৪টি গণশুনানি অনুষ্ঠিত হয়েছে। গণশুনানিতে সরকারের বিভিন্ন বিভাগের সেবা প্রত্যাশী জনগণের সেবা প্রাপ্তিতে বিভিন্ন লোকের অভিযোগ উত্থাপিত হয়ে থাকে। গণশুনানিসমূহের অভিজ্ঞতা অর্জনে জনগণকে প্রদেয় সরকারের বিভিন্ন বিভাগের সেবার মান বৃদ্ধি ও নিশ্চিতকরণে নিম্নোক্ত বিষয়সমূহ পালন করার জন্য জেলা প্রশাসনসহ সংশ্লিষ্ট অফিস প্রধানদের নির্দেশনা দেয়া প্রয়োজনঃ

- ১। হেপ্তা ডেপুটি সার্ভিসের উন্নয়ন;
 - ২। জনগণের সাথে ভাল আচরণে উৎকর্ষতা সাধন;
 - ৩। সরকারি দপ্তর প্রধানের সাথে সেবাপ্রার্থীদের সাক্ষাতের ব্যবস্থা সহজীকরণ;
 - ৪। তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগপূর্বক তথ্য প্রদানকারী কর্মকর্তার নাম ও মোবাইল ফোন নম্বর দৃশ্যমান স্থানে টানিয়ে রাখার বিষয়টি আয়োজিতকরণ;
 - ৫। সিটিজেন চাটবসসহ দপ্তরের বিভিন্ন তথ্যবহী নিয়মিত হালনাগাদ করে ওয়েবসাইটসহ ইউনিটস ও উপজেলা পর্যায়ের দৃশ্যমান স্থানে স্থাপন নিশ্চিতকরণ;
 - ৬। ব্যাপক প্রচারণার মাধ্যমে জনগণের অধিক অংশগ্রহণ নিশ্চিত করে তথ্যমেনা ও সেবা সপ্তাহের নিয়মিত আয়োজনকরণ;
 - ৭। ব্যাপক প্রচারণার মাধ্যমে অধিকসংখ্যক জনগণের অংশগ্রহণ নিশ্চিত করে নিয়মিতভাবে প্রতিসপ্তাহে গণশুনানি আয়োজন;
 - ৮। নাগালের হাত থেকে সেবাপ্রার্থীকে রক্ষার জন্য দপ্তরের সামনে প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারির নাম, পদবী, মোবাইল নাম্বার ও ছবি বিপর্যয়ে স্থাপন নিশ্চিতকরণ;
 - ৯। প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারীর পরিচয়পত্র পরিধান বাধ্যতামূলককরণ;
 - ১০। "The Touts Act, 1879" প্রয়োগের মাধ্যমে অফিসকে দালালমুখু কবার ব্যবস্থা গ্রহণ;
 - ১১। "আমি ও আমার অফিস দুর্নীতিমুক্ত" সীমক ঘোষণা অফিস প্রধান কর্তৃক স্বাক্ষর করে দপ্তরের সামনে টানিয়ে রাখার ব্যবস্থা নিশ্চিতকরণ;
 - ১২। সিটিজেন রিপোর্ট কার্ড প্রবর্তনপূর্বক তার ব্যবহার নিশ্চিতকরণ;
 - ১৩। সেবার দায়ন নতুন ক্ষেত্র উদ্ভাবন করে মোবাইল ফোন ও অনলাইনের মাধ্যমে সেবা সম্প্রদারণকরণ; এবং
 - ১৪। উর্ধ্বতন পর্যায়ের কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত অধঃস্তন অফিসসমূহের কার্যক্রম পরিদর্শন ও কার্যকর মনিটরিং নিশ্চিতকরণ।
- উপর্যুক্ত বিষয়সমূহ মঠ পর্যায়ে অনুসরণ করলে জনগণের হস্তরানিমুক্ত সেবাপ্রাপ্তি নিশ্চিতের পাশাপাশি সরকারী দপ্তরসমূহে দুর্নীতি বহুলাংশে হ্রাস পাবে। এ লক্ষ্যে উপরোক্ত বিষয়সমূহ সরকারী অফিসসমূহে অনুসরণ ও বাস্তবায়নের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করছি।

শুভেচ্ছান্তে,

আত্তরিকছাহ আবদুল হক

ড. নাসিরউদ্দীন আহমেদ
কমিশনার ও চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

নং-৪৬.০০.০০০০.০৬৪.৩২.১৮৭.১৭/২০৪২

তারিখঃ-২৪/০৯/২০১৭খ্রিঃ।

বিষয়ঃ সরকারের বিভিন্ন বিভাগের সেবার মান বৃদ্ধি ও নিশ্চিতকরণে দুর্নীতি দমন কমিশনের সুপারিশসমূহ বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে দুর্নীতি দমন কমিশন হতে ২৯/০৮/২০১৭ তারিখের ৪১নং স্মারকে প্রাপ্ত পত্রের ছায়ািলপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। পত্রে উল্লিখিত সরকারের বিভিন্ন বিভাগের সেবার মান বৃদ্ধি ও নিশ্চিতকরণে দুর্নীতি দমন কমিশনের সুপারিশসমূহ বাস্তবায়নের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৫৭২

মেয়র/প্রশাসক
-----পৌরসভা

জেলা-----।

অনুলিপিঃ

- ১। উপ সচিব, সমন্বয় ও কাউন্সিল শাখা, স্থানীয় সরকার বিভাগ।
- ২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।